



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/ কলেজ/ অনু:/২০১৫/৩৮৫

তারিখ : ৩১/৩/১৫

বিষয় : উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান

সূত্র : (ক) সাধারণ সম্পাদক হাওলাদার ফাউন্ডেশন এর ২৩/০২/২০১৫ তারিখের আবেদন।

(খ) শিক্ষা মন্ত্রণালয়ের শাখা ০৯ (কলেজ-৪) এর স্মারক নং -৩৭.০০০.০০০.৭০.০৩.০০১.২০১৪-১২৭, তারিখ : ১৮ মে ২০১৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ৩১/০৫/২০১৫ তারিখের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলাধীন “হাওলাদার ফাউন্ডেশন ওমেস কলেজ” -এ উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে শিক্ষার্থী ভর্তির অনুমতিসহ নিম্নবর্ণিত শাখা ও বিষয়সমূহে আগামী ০১-০৭-২০১৫ হতে ৩০-০৬-২০১৬ খ্রি. পর্যন্ত ০১ (এক) বছরের জন্য পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো।

পাঠদানের অনুমতির সময়সীমা অতিক্রান্ত হবার পর দ্বাদশ শ্রেণীতে শিক্ষার্থী ভর্তির অনুমতিসহ পুনরায় পাঠদানের অনুমতি নবায়ন করতে হবে। অন্যথায় উক্ত অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

০১। আবশ্যিক বিষয় : বাংলা, ইংরেজী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।

০২। নৈর্বাচনিক বিষয়

ক) বিজ্ঞান শাখা : পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান এবং উচ্চতর গণিত।

খ) মানবিক শাখা : অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা এবং সমাজ বিজ্ঞান।

গ) ব্যবসায় শিক্ষা শাখা : হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, উৎপাদন ব্যবস্থাপনা এবং বিপণন ও ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা।

ঘ) সকল শাখা : কৃষি শিক্ষা এবং গার্হস্থ্য বিজ্ঞান।

শর্তাবলী :

১। কলেজটি স্ব-অর্থায়নে পরিচালিত হবে।

২। আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থী, পরীক্ষার্থী ও ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।

৩। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে MPO করা যাবে না।

৪। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না।

৫। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে NTRCA আইন- ২০০৫ অনুসরণসহ ২০% মহিলা কোটা পূরণ করতে হবে।

৬। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ বা নজির হিসেবে বিবেচিত হবে না।

৭। সরকার/ বোর্ড মনে করলে যে কোন সময়ে যে কোন শর্ত আরোপ করতে পারবে।

৮। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত সকল শর্ত মেনে চলতে হবে।

৯। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।

১০। সরকার/ বোর্ড উপযুক্ত কারণ মনে করলে পাঠদান বাতিল বা স্থগিত করতে পারবে।

১১। উল্লিখিত আদেশটি কলেজ মঞ্জুরী কমিটির পরবর্তী সভায় অনুমোদন সাপেক্ষে কার্যকর হবে।

ড. মোঃ লিয়াকত হোসেন (৯৫১১)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল

ই-মেইল: drliaquat@gmail.com

অধ্যক্ষ

হাওলাদার ফাউন্ডেশন ওমেস কলেজ

ডাকঘর : চৈতা

উপজেলা: মির্জাগঞ্জ, জেলা: পটুয়াখালী

অনুলিপি প্রেরিত

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা

৩. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল

৪. সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/ ব্যানবেইস/ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।

৫. একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল

৬. সংক্ষণ নথি